



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বঙ্গবন্ধুর আদর্শ তরুণ প্রজন্মের মন ও মননে পৌঁছে দিতে হবে
-বিবি উপাচার্য

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২০ আগস্ট ২০২১খ্রিঃ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আদর্শ তরুণ প্রজন্মের মন ও মননে পৌঁছে দিতে হবে। আর তাহলেই বর্তমান তরুণ প্রজন্ম বঙ্গবন্ধুর আদর্শকে বৃক্কে ধারণ করবে।

শোকাদর্ড আগস্ট স্মরণে বরিশাল বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে সংযুক্ত থেকে কথাগুলো বলেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন।

অদ্য ২০ আগস্ট বিকেল ৪ টায় জুম অ্যাপের মাধ্যমে অনলাইনে ভারুয়াল আলোচনা সভাটি অনুষ্ঠিত হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশনের সভাপতি বাহাউদ্দিন গোলাপের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব ড. ফেরদৌস জামান। সভাটি সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক আবু হাসান। উক্ত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে আরো সংযুক্ত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মচারী কল্যাণ পরিষদ গ্রেড ১১ থেকে ১৬, কর্মচারী কল্যাণ পরিষদ গ্রেড ১৭ থেকে ২০ এর নেতৃবৃন্দ।

সভায় বক্তব্য রাখেন, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. খোরশেদ আলম। এছাড়াও বক্তব্য রাখেন সুব্রত কুমার বাহাদুর, সাজ্জাদ উল্লাহ ফয়সাল, সোলায়মান খান, সৈয়দা ফাতেমা মমতাজ মলি, রফিক সেরনিয়াবাত, তৌছিক আহমেদ রাহাত, হাবিবুর রহমান, সাইফা আলম সখি, নাদিম মল্লিক প্রমুখ।

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়